গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০০০.০৬৪.৩১.০০০৫.২৬- ১২৬

তারিখঃ ১১ চৈত্র ১৪৩২
২৫ মার্চ ২০২৬

বিষয়: সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন পর্যটন সমৃদ্ধ জাফলং-কে পৌরসভা গঠন সংক্রান্ত।

সূত্র: জনাব আরিফুল হক চৌধুরী, মাননীয় মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর ২৫/০২/২০২৬ তারিখের ডিও পত্র।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন পর্যটন সমৃদ্ধ জাফলং-কে পৌরসভা গঠন করার লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ও ৪ ধারা অনুযায়ী নিম্নোক্ত তথ্যসহ সুস্পষ্ট মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। প্রস্তাবিত এলাকার লোক সংখ্যা এবং প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে কত জন;
২। প্রস্তাবিত এলাকার অকৃষি পেশার হার এবং অকৃষি প্রকৃতির ভূমির হার;
৩। প্রস্তাবিত এলাকার তফসিল (ইউনিয়নের নাম, মৌজার নাম, জে. এল নং এবং দাগ নম্বরসমূহ (ডিজিটাল ম্যাপসহ))
৪। প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত কিনা;
৫। প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা;
৬। স্থানীয় আয়ের উৎস; সরকারি অনুদান বা সাহায্য ব্যতীত প্রস্তাবিত এলাকার বিগত ৩ (তিন) বছরের গড় রাজস্ব আয় এবং

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে. এল নং | দাগ নং |
|---|---|---|---|---|
| | | | | |

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

২৫/৩/২৬

(আশফিকুন নাহার)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
সিলেট।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব, (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

F:\Nayan-24(9)\পৌরসভা গঠন\Letter.doc 8

**আরিফুল হক চৌধুরী, এমপি**
**মন্ত্রী**
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**এবং**
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

আধা-সরকারি পত্র নং- ৪০.০০.০০০০.০০২.৯৯.০০২.২৬-২০৯

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ / ২৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রিয় সচিব,

সালাম, প্রীতি ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সম্প্রতি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে আমি ২৩২, সিলেট-৪ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছি এবং বর্তমানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করছি। আমার নির্বাচনী এলাকা সিলেট জেলার গোয়াইনঘাট, জৈন্তাপুর ও কোম্পানিগঞ্জ উপজেলা নিয়ে গঠিত। এর মধ্যে গোয়াইনঘাট উপজেলার জাফলং-কে পৌরসভা হিসেবে প্রতিষ্ঠা করা নিয়ে দীর্ঘদিন ধরে আলোচনায় রয়েছে। এটি সিলেট বিভাগের একটি গুরুত্বপূর্ণ পর্যটন ও অর্থনৈতিক অঞ্চল। জাফলংকে পৌরসভা প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার প্রধান কারণগুলো নিম্নে তুলে ধরা হলো:

**১. পর্যটন ব্যবস্থাপনার উন্নয়ন:** জাফলং বাংলাদেশের অন্যতম জনপ্রিয় পর্যটন কেন্দ্র। প্রতিবছর হাজার হাজার দেশি-বিদেশি পর্যটক এখানে আসেন। পৌরসভা হলে পরিকল্পিত অবকাঠামো উন্নয়ন (রাস্তা, ড্রেনেজ, পার্কিং) সম্ভব হবে। পরিবেশ সংরক্ষণ ও বর্জ্য ব্যবস্থাপনা কার্যকরভাবে করা যাবে। পর্যটন খাত থেকে নিয়মিত রাজস্ব আদায় সম্ভব হবে।

**২. নগর সুবিধা ও জনসেবার সম্প্রসারণ:** বর্তমানে অনেক নাগরিক সুবিধা সীমিত। পৌরসভা হলে সুপেয় পানি, স্যানিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনা উন্নত হবে। স্বাস্থ্যকেন্দ্র, বাজার ও গণসুবিধা আধুনিকায়ন করা যাবে। পরিকল্পিত আবাসন ও অবৈধ স্থাপনা নিয়ন্ত্রণ সহজ হবে।

**৩. স্থানীয় অর্থনীতির বিকাশ:** পাথর, কৃষি ও ক্ষুদ্র ব্যবসা জাফলং এলাকার অর্থনীতির মূলভিত্তি। পৌর প্রশাসন থাকলে কর ও লাইসেন্সিং ব্যবস্থার মাধ্যমে অর্থনৈতিক কার্যক্রম সুশৃঙ্খল হবে। কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে।

**৪. পরিবেশ সংরক্ষণ:** জাফলং পাহাড়, নদী ও প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত। অবৈধ পাথর উত্তোলন নিয়ন্ত্রণ করা যাবে। পরিবেশবান্ধব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ সম্ভব হবে। নদী ও পাহাড় সংরক্ষণে স্থানীয় আইন প্রয়োগ সহজ হবে।

**৫. প্রশাসনিক বিকেন্দ্রীকরণ:** স্থানীয় পর্যায়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ সম্ভব হবে। জনগণের অংশগ্রহণমূলক শাসনব্যবস্থা গড়ে উঠবে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা বাড়বে। জাফলংকে পৌরসভা হিসেবে প্রতিষ্ঠা করলে পরিকল্পিত নগরায়ণ, উন্নত জনসেবা, পর্যটন ব্যবস্থাপনা এবং পরিবেশ সংরক্ষণ নিশ্চিত করা সম্ভব হবে। ফলে জাফলং একটি টেকসই ও আধুনিক পর্যটননগরী হিসেবে গড়ে উঠবে বলে আমার বিশ্বাস।

সার্বিক বিবেচনায়, এ এলাকার আইন-শৃঙ্খলার উন্নয়ন, নিরাপত্তা বিধান ও সাধারণ মানুষেকে সকল ধরণের নাগরিক সেবাসহ প্রশাসনিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে গোয়াইনঘাট উপজেলাধীন পর্যটন সমৃদ্ধ **জাফলং-কে** পৌরসভা হিসেবে প্রতিষ্ঠাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

২৫-০২-২৬

(আরিফুল হক চৌধুরী, এমপি)

মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

**স্থানীয় সরকার বিভাগ**
**সচিবের দপ্তর**

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) পৌরসভা |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) উন্নয়ন |
| | ৫) পানি সরবরাহ (পাস) |
| | ৬) উপজেলা অধিশাখা |
| | ৭) ইউপি অধিশাখা |
| | ৮) অডিট অধিশাখা |
| | ৯) আইন অধিশাখা |
| ডাইরি নং... তারিখঃ... | স্বাক্ষর |

নম্বরঃ................তারিখঃ ২৫/০২/২৬
১. যুগ্মসচিব/উপসচিব (পৌর অধিঃ)-১/২
২. উপসচিব/সিঃ সঃ স- (পৌর শাখা)- ১/২/৩/৪

অতিরিক্ত সচিব (পৌরঃ) অনুবিভাগ